কেহিবি-১ সার্কুলার নং-০১/২০২২ তারিখ: ০৫.০৪.২০২২

বিষয়: NCC Bank Ltd. এর সাথে Sub-Representative Agreement এর আওতায় Foreign Remittance ডেলিভারির ক্ষেত্রে রেমিটেন্স তহবিল গ্রহণ, গ্রাহককে রেমিটেন্স প্রদান সংক্রান্ত লেনদেনের হিসাবায়ন পদ্ধতি।

উপর্যুক্ত বিষয়ে রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী'র বৈদেশিক বিনিময় বিভাগের ০৩ এপ্রিল, ২০২২ তারিখের প্রকা/বৈবিবি/অপা-৩(এনসিসি)/২০২১-২০২২/৫০৫(৪০২) নম্বর পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বিদেশে কর্মরত বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ তাঁদের আত্মীয়-স্বজন/পরিচিতজনদের নিকট বৈধ চ্যানেলের মাধ্যমে দেশে আনার ক্ষেত্রে সংক্ষিপ্ত পরিসরে Foreign Remittance কার্যক্রম পরিচালনা করছে। ব্যাংক ব্যবস্থাপনার গতিশীল নেতৃত্ব এবং পরিচালনা পর্ষদের সময়োপযোগী সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যাংকের নন-ফান্ডেড ব্যবসায়িক কর্মকান্ড ও Ancillary Services হতে আয় বৃদ্ধির লক্ষ্যে এ ব্যাংকের পরিচালনা পর্ষদের ০৯.০৩.২০২২ তারিখে অনুষ্ঠিত ৫৪৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক Foreign Remittance কার্যক্রম আরও জোরদার করার জন্য NCC Bank Ltd. এর Sub-Representative হিসেবে ৩১.০৩.২০২২ তারিখে চুক্তিবদ্ধ হয়েছে।

০২। সম্পাদিত চুক্তির প্রেক্ষিতে ফরেন রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে লেনদেন সহজীকরণ এবং দ্রুততম সময়ে নিষ্পত্তি ও সঠিকতা নিশ্চিত করার লক্ষ্যে নিম্ন বর্ণিত হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) ফরেন রেমিটেন্স ডেলিভারির উদ্দেশ্যে NCC Bank Ltd. থেকে প্রাপ্ত অর্থের হিসাবায়ন পদ্ধতি:

NCC Bank Ltd. এর সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী ফরেন রেমিটেন্স ডেলিভারির উদ্দেশ্যে NCC Bank Ltd. থেকে প্রাপ্ত অগ্রিম (prefund) সংরক্ষণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে NCC Bank Ltd., দিলকুশা শাখা, ৪৩ দিলকুশা বা/এ, ঢাকায় **রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক শিরোনামে** একটি চলতি হিসাব খোলা হয়েছে। NCC Bank Ltd. থেকে প্রাপ্ত prefund এর ক্ষেত্রে রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা কর্তৃক নিম্নরূপ ভাউচার প্রস্তুত করতে হবে:

ডেবিট	ক্রেডিট
NCC Bank Ltd.-এ জমা Current Account with NCC Bank Ltd. (90200000502)	প্রদেয় হিসাব Settlement Account for Foreign Remittance with NCC Bank Ltd. (90100000300)

(খ) শাখা কর্তৃক ফরেন রেমিটেন্সের অর্থ প্রদানে নিম্নোক্ত ভাউচার সম্পাদন করতে হবে:

➢ **গ্রাহককে রেমিটেন্স প্রদানের ক্ষেত্রে :**

গ্রাহক/প্রাপক কর্তৃক সরবরাহকৃত Money Transfer Control Number/Ref.No./PIN Number রাকাব, প্রধান কার্যালয়, বৈদেশিক বিনিময় বিভাগ থেকে যাচাই অন্তে দ্রুততম সময়ে গ্রাহকের প্রাপ্য রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করতে হবে:

ডেবিট	ক্রেডিট
আদায়যোগ্য হিসাব সংশ্লিষ্ট MTO এর জিএল হিসাব	সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব/নগদ প্রদান (Benificiary)

➢ **আদায়যোগ্য হিসাব সমন্বয়/Remote transaction এর ক্ষেত্রে:**

ঢাকা শাখায় রক্ষিত Settlement Account for Foreign Remittance with NCC Bank Ltd.-এর নামে প্রদেয় হিসাব এবং আদায়যোগ্য হিসাব দ্রুততম সময়ে সমন্বয়ের জন্য নির্ভুল এবং সতর্কতার সহিত Remote transaction করার ক্ষেত্রে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করতে হবে:

ডেবিট	ক্রেডিট
ঢাকা শাখার প্রদেয় হিসাব Settlement Account for Foreign Remittance with NCC Bank Ltd. (90100000300)	আদায়যোগ্য হিসাব সংশ্লিষ্ট MTO এর জিএল হিসাব

➢ **রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তার ক্ষেত্রে:**

রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তার ক্ষেত্রে রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী'র বৈদেশিক বিনিময় বিভাগের নিম্নে উল্লিখিত পত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে:

পত্র নং-প্রকা/বৈবিবি/অপা-৩(প্রণোদনা)/২০২১-২০২২/৩৬২(৪০১), তারিখ: ০৩ জানুয়ারি, ২০২২
পত্র নং-প্রকা/বৈবিবি/অপা-৩(প্রণোদনা)/২০১৯-২০২০/১১০৭(৪০২), তারিখ: ২৩ অক্টোবর ২০১৯

➢ **সার্ভিস চার্জ এর ক্ষেত্রে :**

সম্পাদিত চুক্তি অনুযায়ী NCC Bank Ltd. প্রতি রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে ভ্যাটসহ ১০০.০০ (একশত) টাকা সার্ভিস চার্জ প্রদান করবে। সেক্ষেত্রে অত্র ব্যাংক কর্তৃক NCC Bank Ltd.-এর নিকট সার্ভিস চার্জ প্রাপ্তির জন্য Claim করতে হবে। NCC Bank Ltd. হতে প্রাপ্ত সার্ভিস চার্জ শাখার দাবী অনুযায়ী রাকাব, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ থেকে ক্রেডিট এ্যাডভাইস এর মাধ্যমে প্রেরণ করা হবে। এক্ষেত্রে রাকাব, ঢাকা কর্পোরেট শাখার NCC Bank Ltd. এর হিসাব সমন্বয় এবং শাখা কর্তৃক সার্ভিস চার্জ হিসাবভুক্তর জন্য নিম্নরূপ ভাউচার প্রস্তুত করতে হবে:

রাকাব, ঢাকা কর্পোরেট শাখার হিসাব সমন্বয়ের ক্ষেত্রে:

ডেবিট	ক্রেডিট
NCC Bank Ltd.-এ জমা Current Account with NCC Bank Ltd. (90200000502)	রাকাব, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ Rakub General Account (90200000185)

শাখাসমূহের সার্ভিস চার্জ হিসাবভুক্তর ক্ষেত্রে:

ডেবিট	ক্রেডিট
রাকাব, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ Rakub General Account (90200000185)	Income from Foreign Remittance with NCC Bank Ltd. (90300000276)

০৩। ফরেন রেমিটেন্স প্রদানের ক্ষেত্রে নিম্ন বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে :

(১) গ্রাহক/প্রাপক কর্তৃক সরবরাহকৃত Money Transfer Control Number/Ref.No./PIN Number রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী'র বৈদেশিক বিনিময় বিভাগ থেকে অবশ্যই যাচাই করে রেমিটেন্স ডেলিভারি করতে হবে। রেমিটেন্স এর অর্থ প্রদানের সময় গ্রাহকের পরিচয় নিশ্চিত হওয়ার জন্য ছবিযুক্ত পরিচয়পত্র যেমন-NID/Passport/Driving Licence ইত্যাদির ফটোকপি সংগ্রহ করতে হবে।

(২) সম্পাদিত চুক্তি অনুযায়ী NCC Bank Ltd.নিম্ন বর্ণিত Money Transfer Operator (MTO) তালিকা অনুযায়ী সিবিএস GL Serial মোতাবেক আদায়যোগ্য হিসাবে হিসাবভুক্ত করতে হবে:

MTO Name	GL Serial	MTO Name	GL Serial
MoneyGram International, USA (Worldwide)	90200000469	Habib Qatar	90200000489
Telemoney, Arab National Bank (ANB)	90200000470	Islamic Exchange Co.	90200000490
Instant Cash FZE, UAE	90200000471	Japan Remit Finance	90200000491
Trans Fast	90200000472	Queen Bee Capital Co. Ltd	90200000492
Zenj Exchange (Turbo Cash), Bahrain	90200000473	Samso's Express Money Transfer Inc.	90200000493
AFX First Remit (Cash), Qatar	90200000474	Prime Forex PTY Ltd.	90200000494
Sigue Global Services Ltd, USA & UK	90200000475	AN Express International Money Transfer	90200000495
NEC Money Transfer	90200000476	MaxMoney	90200000496
National Exchange Company	90200000477	Mustafa Sultan Exchange Co LLC	90200000497
Shah Global Money Transfer	90200000478	Purushottam Kanji Exchange Co LLC	90200000498
Global Money Transfer	90200000479	Daytona Capital Management	90200000499
Joyalukkas Exchange, Oman	90200000480	TML Remittance Center	90200000500
Joyalukkas Exchange, Kuwait	90200000481	Muthoot Finance	90200000501
Aftab Currency Exchange Ltd	90200000482	Western Union (NCC Bank Ltd.)	90200000503
Al Ansari Exchange	90200000483	Continental Exchange Solution Inc. (RIA-NCC Bank Ltd.)	90200000504
Al Mirqab Exchange	90200000484	Xpress Money (NCC Bank Ltd.), UAE	90200000505
Al Mulla Exchange	90200000485	Placid NK Corporation (TT-NCC Bank Ltd.), USA	90200000506
Al-Zaman Exchange	90200000486	Merchantrade Asia SdnBhd (NCC Bank Ltd.)	90200000507
City Express Money Transfer	90200000487	Prabhu Money Transfer (NCC Bank Ltd.)	90200000508
First Security Islami Exchange	90200000488	NBL Money Transfer SDN BHD (NCC Bank Ltd.)	90200000509

চলমান পাতা-০৩

(২) রাকাব, বৈদেশিক বিনিময় বিভাগ কর্তৃক দৈনিক লেনদেন শেষে প্রদানকৃত রেমিটেন্স এর সংখ্যা এবং অর্থের পরিমাণ ঢাকা শাখায় রক্ষিত Settlement Account for Foreign Remittance with NCC Bank Ltd. হিসাবের সাথে যাচাই করে নিশ্চিত করতে হবে। একইসাথে রাকাব, বৈদেশিক বিনিময় বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে দৈনিক ভিত্তিতে Balance Confirmation Certificate কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

০৪। ফরেন রেমিটেন্স ডেলিভারির ক্ষেত্রে রেমিটেন্স তহবিল গ্রহণ, গ্রাহককে রেমিটেন্স প্রদানসহ অন্যান্য লেনদেন হিসাব পদ্ধতি সঠিকভাবে হিসাবায়নের জন্য উপরোল্লিখিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে। এছাড়া Foreign Remittance সংক্রান্ত তথ্যসমূহ যথাযথভাবে উপস্থাপনরে জন্য প্রয়োজন অনুযায়ী কাঁচা রেজিস্টার সংরক্ষণ করতে হবে। এ পরিপত্রের কোন বিষয়ে অস্পষ্টতা/ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগের সঙ্গে সরাসরি যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

05/04/2022

(মো: মজনূর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭-৮৬০৫৩২

নং- প্রকা/কেহিবি-১/৫৬(৩)/২০২১-২০২২/১৬২৩(৪৫০) তারিখ: ০৫.০৪.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
০৯। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
১০। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। **জারীকৃত পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।**
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি/ মহানথি।

০৫/০৪/২০২২

(মোঃ আতাউর রহমান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
০২৪৭-৮৬০৫২১/ ৮৬০৫১৬।